

দারিদ্র বিমোচনের লক্ষ্যে যাকাত তহবিল হস্তান্তর



দারিদ্র বিমোচন ও মানব উন্নয়নের লক্ষ্যে জীবিকা উন্নয়ন কেন্দ্র মানিকগঞ্জ-২ এবং নীলফামারীর কিশোরগঞ্জ উপজেলায় প্রকল্পের ১০০০ মুস্তাহিকদের (সদস্য) মাঝে ১ কোটি ২৪ লক্ষ টাকার যাকাত তহবিল হস্তান্তর করেছে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট।

কিশোরগঞ্জে যাকাত তহবিল হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিজিডএম-এর চেয়ারম্যান নিয়াজ রহিম। ফ্রেন্ডশিপ হাসপাতালের পরিচালক ডা. মো. মোজাহেদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রধান নির্বাহী কর্মকর্তা ডা. মোহাম্মদ আইয়ুব মিয়া ও উপজেলা নির্বাহী কর্মকর্তা নূর ই আলম সিদ্দিকী।

মানিকগঞ্জে যাকাত তহবিল হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিজিডএম-এর এক্সিকিউটিভ কমিটির কনভেনার এ এম এম নাসির উদ্দিন। অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিজিডএম-এর কোষাধ্যক্ষ আরাস্ত খান ও মানিকগঞ্জ পৌরসভার মেয়র মোঃ রমজান আলী। বক্তারা বলেন, যাকাতের মর্মার্থ হচ্ছে অভাব, দুঃখী, অসহায় মানুষের সম্মান ও মর্যাদা বাড়িয়ে দেওয়া। ইসলামের নির্দেশনা অনুযায়ী সম্পদের সুষম বন্টনের মাধ্যমে দারিদ্র্যমুক্ত ও ন্যায়ভিত্তিক একটি সমৃদ্ধ সমাজ গড়ে তোলা সম্ভব।

সিজিডএম কিডনী ডায়ালাইসিস সেন্টারের যাত্রা শুরু



সম্প্রতি ঢাকার অদূরে কেরানীগঞ্জে সুবিধাবঞ্চিত, হতদরিদ্রদের বিনামূল্যে চিকিৎসার জন্য আন্তর্জাতিক মানের একটি কিডনি ডায়ালাইসিস ও ট্রান্সপ্লান্ট সেন্টার কার্যক্রম শুরু করেছে সিজিডএম। প্রাথমিকভাবে ১৫০ জন রোগী হিমোডায়ালাইসিস এবং বেশকিছু রোগীর ফ্রি সিএপিডি পরিষেবা পাবেন। সিজিডএম ঢাকার কেরানীগঞ্জে তিন একর জমিতে একটি পূর্ণাঙ্গ আন্তর্জাতিক মানের কিডনি ডায়ালাইসিস ও ট্রান্সপ্লান্ট সেন্টার প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে।

বাংলাদেশে উশর আদায় ও বিতরণের বিধিবিধান শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



সিজেডএম গত ২২ সেপ্টেম্বর ২০২২ ইং তারিখে ঢাকার স্থানীয় একটি হোটেলে বাংলাদেশে উশর আদায় ও বিতরণের বিধিবিধান শীর্ষক এক কর্মশালার আয়োজন করে। উক্ত কর্মশালায় দেশ বরেণ্য আলেমগণ অংশগ্রহণ করেন। কর্মশালায় ৩টি গবেষণাপত্র উপস্থাপন করা হয়। “বাংলাদেশের কৃষিজ উৎপাদনের উপর উশরের বিধান প্রয়োগের আবশ্যিকতা: একটি তাত্ত্বিক ও প্রায়োগিক পর্যালোচনা” শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক, “বাংলাদেশের জমি উশরি না খারাজি: ফিকহি পর্যালোচনা” শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ড. মুহাম্মদ সাইফুল্লাহ এবং “ইসলামী অর্থব্যবস্থায় উশর-এর ভূমিকা: বাংলাদেশ প্রেক্ষিত” শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আ.ক.ম. আবদুল কাদের। বিজ্ঞ প্রাবন্ধিকগণ খারাজি ও উশরি ভূমির বিবাদ পরিহার করে, বাংলাদেশের মুসলিমদের মালিকানাধীন ভূমিতে উশর দিতে হবে এ বিষয়ে ঐক্যমত পোষণ করার আহ্বান জানান।

ড. মোহাম্মদ মঞ্জুর ই ইলাহী'র সঞ্চালনায় কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি মোহাম্মদ আবদুর রউফ। আলোচনায় অংশগ্রহণ করেন মুফতি আব্দুল্লাহ মাসুম, প্রতিষ্ঠাতা, আইএফএ কনসালটেন্সি, মুফতি উসমান গণি, আহসানিয়া ইনস্টিটিউট অফ সুফিজম, মুফতি ওয়ালিউর রহমান, মুহাদ্দিস, ইসলামিক ফাউন্ডেশন, শায়খ আব্দুর রাজ্জাক, মদিনাতুল উলুম বয়েস কামিল মাদরাসা, ড. আব্দুল্লাহ ফারুক, চেয়ারম্যান, বাংলাদেশ জমদায়তে আহলে হাদিস, ড. মুহাম্মাদ মুসলেহ উদ্দিন, সহকারি অধ্যাপক, বাংলাদেশ মাদরাসা টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, মো. সানাউল্লাহ আযহ-রী, প্রতিষ্ঠাতা পরিচালক, মানারাত আল তিবিয়ান, প্রফেসর মুজাহিদুল ইসলাম, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ড. মোহাম্মদ আইয়ুব মিয়া, সিইও, সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) প্রফেসর মোখতার আহমাদসহ দেশের বরেণ্য আলেমগণ।

ইমামদের সাথে যাকাত ব্যবস্থাপনা বিষয়ে মতবিনিময়

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট গত ২২ নভেম্বর ২০২২ তারিখে ঢাকার স্থানীয় একটি হোটেলে ঢাকাস্থ বিভিন্ন মসজিদের ইমাম এবং খতিবদের সাথে যাকাত ব্যবস্থাপনা বিষয়ে মতবিনিময় সভার আয়োজন করে। উক্ত সভায় ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ মসজিদেও প্রায় ১০০ জন ইমাম এবং খতিব অংশগ্রহণ করেন। সিজেড-এম-এর চেয়ারম্যান জনাব নিয়াজ রহিমের স্বাগত বক্তব্য শেষে সিইও ড. মোহাম্মদ আইয়ুব মিয়া সিজেডএম এবং যাকাত ব্যবস্থাপনা বিষয়ে একটি প্রেজেন্টেশন করেন। আমন্ত্রিত অতিথিগণ যাকাত এবং যাকাতের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনাসহ আলেমদেরকে আমেলিন হিসেবে নিয়োগ দেয়ার মাধ্যমে সিজেডএম-এর কার্যক্রম সকল বিভাগ ও জেলা পর্যায়ে ছড়িয়ে দেয়া, যাকাত বিষয়ে আলেমদেরকে ব্যাপকভাবে প্রশিক্ষণ দেয়া, উশরকে পুনরুজ্জীবিত করা, বড় বড় সম্মেলনে যাকাত নিয়ে আলোচনার ব্যবস্থা করা, মসজিদভিত্তিক যাকাত ব্যবস্থাপনা প্রকল্প শুরু করাসহ অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে পরামর্শ প্রদান করেন।



জীবিকা প্রকল্পের সফল সমাপ্তি



সম্প্রতি সাতক্ষিরা জেলার শ্যামনগর উপজেলা জীবিকা সুন্দরবন প্রকল্পের মেয়াদ সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের সফল বাস্তবায়নের ফলে পাঁচ শতাধিক সুবিধাবঞ্চিত পরিবারের জীবনযাত্রার মান উন্নত হয়েছে। প্রকল্পটির মেয়াদ শেষ হওয়ার পরে প্রতিটি পরিবার ৩০ থেকে ৩৫ হাজার টাকা নগদ হাতে পেয়েছে। প্রকল্পের ২৮৫ জনকে বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কাজের উপর দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, ফলে তাদের আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড পরিচালনার দক্ষতা, বেশী আয়ের সুযোগ এবং আত্মবিশ্বাস বেড়েছে; যার ফলস্বরূপ সঞ্চয় ও মূলধন সংগ্রহসহ তাদের গড় আয় বৃদ্ধি পেয়েছে। এর মধ্যে ১১ জন সদস্যকে নিয়মিতভাবে খাদ্য সহায়তা দেয়া হয়েছে। প্রকল্পে ৭ টি নতুন বাড়ি নির্মাণ, ২১০ টি শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান, ৩৮৫টি ৫০০ লিটারের ওয়াটার ট্যাংক প্রদান ও ৫টি গভীর নলকূপ স্থাপন, স্বাস্থ্যকর

ল্যাঞ্চার ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে ২০৯টি পরিবারে রিং-স্ল্যাব বিতরণ এবং কোভিড-১৯ মহামারির আর্থিক ক্ষতি নিরসনের লক্ষ্যে পরিবার প্রতি নগদ ৩ হাজার টাকা করে ৫০০ পরিবারে মোট ১৫ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। প্রকল্পে ৬ জন ভিক্ষুক ভিক্ষাবৃত্তি ছেড়ে উপার্জনমূলক কর্মকাণ্ডে জড়িত হয়েছে। ১৭৫টি পরিবার সুদভিত্তিক ঋণ থেকে বেরিয়ে এসেছে। গত এক যুগের বেশি সময় ধরে সিজেডএম যাকাত তহবিলের কার্যকর ব্যবহারের মাধ্যমে দারিদ্র্য দূর করতে জীবিকা উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এ লক্ষ্যে দেশের বিভিন্ন এলাকায় জীবিকা উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে ৬১ টি জীবিকা উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয় যার মধ্যে ৩৪ টি প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে।

দরিদ্রদের মধ্যে শীতবস্ত্র ও কম্বল বিতরণ



সিজেডএম এ বছর দেশের বিভিন্ন জেলায় ৮ হাজার ৩৪৫ জন শীতাতর্দদের মাঝে শীতবস্ত্র ও কম্বল বিতরণ করেছে। উল্লেখ্য যে, সংস্থাটি গত কয়েক বছরে দেশের বিভিন্ন জেলায় ৬৬ হাজার ১৪৬ টি শীতবস্ত্র ও কম্বল বিতরণ করেছে।

আর এস এফ গ্রানাডা স্কুলের শিক্ষার্থীদের এস এস সি পরীক্ষায় শতভাগ এ+ অর্জন



প্রতিবছরের মতো ২০২২ সালের এসএসসি পরীক্ষার ফলাফলে সাফল্যের ধারা বজায় রেখেছে বগুড়ার শাহজাহানপুরে অবস্থিত আর এস এফ গ্রানাডা স্কুল এন্ড কলেজ। এ বছর আর এস এফ গ্রানাডা স্কুল থেকে ইংরেজি ভাষানে মোট ৩০ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। শতভাগ পাশসহ উত্তীর্ণদের সবাই জিপিএ-৫ পেয়েছে। উল্লেখ্য, বর্তমানে আর এস এফ গ্রানাডা স্কুলে ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত ২৩০ জন শিক্ষার্থী আবাসিক সুবিধায় লেখাপড়া করছে। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট বৃত্তি প্রদানের মাধ্যমে এ সকল শিক্ষার্থীদের থাকা, খাওয়া, শিক্ষা ব্যয়, স্কুল পরিচালনাসহ যাবতীয় খরচ বহন করছে।

পুষ্টি উন্নয়নের লক্ষ্যে বিনামূল্যে বীজ বিতরণ



সিজেডএম কর্তৃক বাস্তবায়নাধীন জীবিকা প্রকল্পের সদস্যদের পুষ্টি উন্নয়নের লক্ষ্যে সবজী বীজ বিতরণ কর্মসূচির আওতায় এ বছর ২১ টি জীবিকা প্রকল্পের ১০,২৮৫ পরিবারের মধ্যে সবজী বীজ বিতরণ করা হয়েছে। এর মধ্যে ৩০ কেজি লাউ বীজ, ২৮ কেজি মিষ্টি কুমড়া, ৩৫ কেজি শিম, ৩০ কেজি বরবটি, ৩০ কেজি ঢেড়স বীজসহ মোট ১৫৮ কেজি বীজ বিতরণ করা হয়। সুবিধাভোগীরা জানান যে, এ বীজ থেকে তারা নিয়মিত বিষমুক্ত সবজী উৎপাদন করে পরিবারের পুষ্টি চাহিদা পূরণ করবে, সবজী কেনায় পারিবারিক ব্যয়-হ্রাস পাবে এবং পারিবারিক চাহিদা মিটিয়ে বাজারে বিক্রির মাধ্যমে বাড়তি আয়ের সুযোগ তৈরি হবে।

নীলফামারীতে দ্যা গ্রানাডা বালিকা উচ্চবিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন



নীলফামারীতে দ্যা গ্রানাডা স্কুল (টিজিএস) বালিকা উচ্চ বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। সম্প্রতি নীলফামারীর কিশোরগঞ্জে বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন করেন সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্টের চেয়ারম্যান নিয়াজ রহিম। স্কুলের নিজস্ব জমিতে ভবন নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর উদ্বোধন করা হয়। উল্লেখ্য যে, স্কুলটি প্রতিষ্ঠিত হলে প্রায় দুই শতাধিক সুবিধাবঞ্চিত বালিকা মাধ্যমিক পর্যায় পর্যন্ত শতভাগ বৃত্তি নিয়ে লেখাপড়া করার সুযোগ পাবে। অনুষ্ঠানে ফ্রেন্ডশিপ হাসপাতালের পরিচালক ডা. মো. মোজাহেদুল হকের সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য রাখেন সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্টের প্রধান নির্বাহী কর্মকর্তা ডা. মোহাম্মদ আইয়ুব মিয়া, কিশোরগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা নূর ই আলম সিদ্দিকী।

আয়বর্ধনমূলক কার্যক্রমের প্রশিক্ষণ প্রদান



জীবিকা প্রকল্পের সদস্যদের আয়বর্ধনমূলক কার্যক্রমের লক্ষ্যে গত ছয় মাসে ২,০৪৮ জন সদস্যকে দক্ষতা ও ব্যবসা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করেছে। হাঁস-মুরগী পালন, শাক-সবজী উৎপাদন, গরু মোটা-তাঁজা করণ/গরু পালন, ছাগল/ভেড়া পালন, মাছ চাষ, দর্জি, নার্সারি উন্নয়ন, কম্পোষ্ট সার তৈরিসহ ১৬ ধরনের প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে সদস্যরা তাঁদের আয়বর্ধন মূলক কাজের উন্নয়নে অবদান রাখছে।

৫০০ পরিবারের মাঝে পরিধেয় বস্ত্র বিতরণ



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট সেবামূলক কার্যক্রমের আওতায় অসহায় ও উপার্জনে অক্ষম দুঃস্থ পরিবারগুলোকে পরিধেয় বস্ত্র, খাদ্যসহ বিভিন্নধরনের সহযোগিতা প্রদান করে থাকে। সংস্থাটি বিগত কয়েক বছর ধরে তাদের ইনসানিয়াত প্রোগ্রামের আওতায় উপার্জন করার মতো লোক নেই এমন পরিবারকে বছরে দুইবার পরিধেয় কাপড় (পুরুষের জন্য পাঞ্জাবি, লুঙ্গী এবং মহিলাদের জন্য শাড়ি, ব্লাউজ) তাদের বাড়িতে পৌঁছে দিয়ে থাকে। উল্লেখ্য, সিজিডএম উপার্জনে অক্ষম এমন প্রায় পাঁচ শতাধিক দুঃস্থ পরিবারকে আজীবন সহযোগিতা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

রোহিঙ্গা মুসলিমদের সহায়তা প্রকল্পের সফল সমাপ্তি



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজিডএম) লাখ লাখ বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য জরুরি সহায়তা কার্যক্রম শুরু করে। রোহিঙ্গাদের তড়িৎ অনুপ্রবেশের ফলে একটি গুরুতর মানবিক সংকটের সৃষ্টি হয়। স্বাস্থ্য সেবার ব্যাপকতা বিবেচনা করে সিজিডএম তিনটি ক্যাম্পে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করে চিকিৎসা কার্যক্রম শুরু করে। যা একাধারে ৩১ ডিসেম্বর ২০২২ সাল পর্যন্ত চলমান থাকে। উখিয়ার সরকারি স্বাস্থ্য কমপ্লেক্সে সিজিডএম দুটি অ্যাম্বুলেন্স হস্তান্তর করে। সিজিডএম এ সময়ের মধ্যে ৩০৯,৬২৩ রোহিঙ্গাকে চিকিৎসা সেবা, প্রায় ৩,৮৫৫ গর্ভবতী ও স্তনদানকারী মা চিকিৎসা ও পুষ্টি সহায়তা, ১,২০০ জনেরও বেশি রোগী পুনর্বাসন সহায়তা, ২,৫৫১ জন রোগীকে অ্যাম্বুলেন্স সেবা প্রদান করেছে। নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন নিশ্চিতকরণে ১৫০টি নলকূপ, ১৫০টি গোসলখানা এবং ১৫০টি স্বাস্থ্যকর ল্যাট্রিন স্থাপন করা হয়।

স্বাস্থ্যসেবা ছাড়াও সিজিডএম ১২০,০০০ রোহিঙ্গা পরিবারের মাঝে খাদ্য সামগ্রী, ৪৮,০০০ প্যাকেট পুষ্টিকর শিশুখাদ্য, ৫০,০০০ টি শীত ও সাধারণ পরিধেয় বস্ত্র, ৯,০০০ টি ত্রিপল, ১০,০০০ টি ছাতা, ২১৫ মেট্রিক টন চারকোল বিতরণসহ ২০০টি স্ট্রীট সোলার লাইট স্থাপন করে।



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট

📍 বাড়ী-২৬, রোড-৭, ব্লক-সি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।

☎ +৮৮০ ২ ২২২২৯৮২৫৫, ০১৭২৯ ২৯৬ ২৯৬

✉ info@czm-bd.org 🌐 fb.com/czm.org 🌐 www.czm-bd.org

ZAKAT FUND DISTRIBUTED FOR POVERTY ALLEVIATION



With the aim of poverty alleviation and human development, Center for Zakat Management has handed over Taka 1.24 crore Zakat of funds to 1000 nos. Mustahiqs (Zakat Deserving) Households under two Jeebika projects at Manikganj Sadar and Kishoreganj Upazila of Nilphamari District.

CZM Chairman Niaz Rahim handed over the cheques as the chief guest. Under the chairmanship of Dr. Mojahedul Haque, Director of Friendship Hospital Dr. Mohammad Ayub Miah, and Upazila Nirbahi Officer Noor e Alam Siddiqui spoke as guests in the program.

In another ceremony at Manikganj AMM Nasir Uddin, Convener, CZM Executive Committee handed over the cheques as the chief guest. CZM Treasurer Arastoo Khan and Mayor of Manikganj Municipality Mohammad Ramzan Ali spoke in the occasion as guests. The speakers said that the meaning of Zakat would be to increase the respect and dignity of the needy, poor, and helpless people. According to the guidance of Islam, it would be possible to build a prosperous society free from poverty and based on justice through equitable distribution of wealth.

CZM KIDNEY DIALYSIS CENTER BEGINS



CZM has started operation of its Kidney Dialysis and Transplant Center for the underprivileged patients at Keraniganj near Dhaka. Deserving patients would get hemodialysis and CAPD services free of cost. CZM has taken initiative to establish a full-fledged international standard Kidney Dialysis and Transplant Center in a three acres land at Keranigonj, Dhaka.

WORKSHOP ON COLLECTION AND DISTRIBUTION OF USHAR IN BANGLADESH



CZM organized a workshop on “The Regulation of Collection and Distribution of Ushar in Bangladesh” on 22 September 2022 at Dhaka. Eminent Islamic scholars participated in the workshop. Three (3) keynote papers were presented in the workshop. Dr. Jubair Muhammad Ehsanul Haque, Professor of Dhaka University presented an article titled "Necessity of Implementation of Ushar Rules on Agricultural Produce in Bangladesh: A Theoretical and Practical Review". Dr. Muhammad Saifullah presented another paper titled “The Classification of Bangladeshi Land Ushari or Kharaji: A Fiqh Review” and Dr. A.K.M. Abdul Quader, Professor of Chittagong University presented the article titled "Role of Ushar in Islamic Finance: Bangladesh Perspective". The Scholars

observed that the debate on Kharazi and Ushari land has been resolved in a great extent and they called for a consensus on the issue of Ushar in the land owned by the Muslims of Bangladesh. Former Chief Election Commissioner Justice Mohammad Abdur Rouf was present as the chief guest in the workshop while Dr. Mohammad Manzoor E Elahi moderated the program. Prominent scholars of the country including Mufti Abdullah Masum, Mufti Usman Ghani, Mufti Waliur Rahman, Maulana Shaikh Abdur Razzak, Dr. Abdullah Farooq, Dr. Muhammad Musleh Uddin, Md. Sanaullah Azhari, Professor Mujahidul Islam, Prof. Mokhtar Ahmad participated in the discussion.

EXCHANGES OF VIEWS PROGRAM WITH IMAMS/KHATIBS

CZM organized an exchange of views program on Institutional Management of Zakat with Imams and Khatibs of different mosques in Dhaka on 22 November 2022, at a local hotel. As many as 100 Imams and Khatibs from different mosques in Dhaka City participated in the program. After the welcome speech of Niaz Rahim, Chairman of CZM, Dr. Mohammad Ayub Mia, CEO of CZM gave a presentation on Institutional Zakat Management of Zakat and Role of CZM.

Distinguished Khatibs and Imams made remarks and put forward some suggestions on important issues including spreading the concept of institutional management of zakat and the activities of CZM to all divisional cities and districts by appointing Islamic scholars as Amelin, comprehensive training of scholars on zakat, reviving ushar, organizing discussion meetings on zakat etc.



SUCCESSFUL COMPLETION OF LIVELIHOOD PROJECTS



The project involved the construction of 7 new houses, provision of pre-primary education to 210 children, distribution of 385 water containers and installation of 5 deep tube wells, distribution of ring-slabs to 209 families to ensure hygienic latrines and a total of Tk 15 lakh has been given to 500 families @ BDT 3,000 per family to reduce the financial loss of the Covid-19 pandemic. In the project, 6 beggars left begging and engaged in income-generating activities. Another 175 families got rid of interest-based loans. Jeebika Sundarban Project at Shyamnagar Upazila of Satkhira District completed its tenure of five years. As a result of the successful implementation of this project, the quality of life of

more than five hundred underprivileged families has been improved. After the end of the project tenure each family received Tk 30,000 to 35,000 in cash. As many as 285 people of the project have been provided skill development training on various income-generating activities. As a result their average income has been increased along with savings and capital accumulation. Besides, 11 unproductive individuals have been given regular food assistance.

DISTRIBUTION OF WINTER CLOTHES AND BLANKETS



Center for Zakat Management have distributed winter clothes and blankets to 8,000 people in different districts of the country. Abdul Mueyed Chowdhury, former Adviser to the Caretaker Government has distributed the warm clothes as chief guest at Manikgonj. CZM has distributed 66,146 winter clothes and blankets so far in different districts of the country in the last few years.

STUDENTS OF RSF GRANADA SCHOOL ACHIEVED 100% A+ IN SSC EXAM



RSF Granada School and College located in Shahjahanpur, Bogra has maintained its streak of success in SSC exam results 2022. This year a total of 30 students from RSF Granada School participated in the SSC examination in the English version and all obtained GPA-5. Center for Zakat Management supporting the residential students by providing 100% stipends. Currently, 230 students from class six to class ten are studying in residential facilities at RSF Granada School. Center for Zakat Management is providing all expenses including accommodation, food, education expenses, school management of these students by providing stipends.

DISTRIBUTION OF FREE SEEDS FOR NUTRITION DEVELOPMENT



Aiming to improve the nutrition level of Jeebika members, vegetable seeds have been distributed among 10,285 families of 21 Jeebika projects this year. Out of this, 30 kg of gourd seeds, 28 kg of pumpkin, 35 kg of beans and 30 kg of long bean (borboti) seeds thus a total of 158 kg of seeds were distributed. Beneficiaries said that from these seeds, they would produce organic vegetables for family consumption and after meeting the family needs additional income opportunities would be created by selling it in the market.

FOUNDATION OF THE GRANADA GIRLS HIGH SCHOOL, NILPHAMARI



The Foundation Stone of The Granada School (Residential School for Girls) at Kishoregonj under Nilphamari District has been laid. Niaz Rahim, Chairman of Center for Zakat Management recently laid the foundation stone. The construction work of the building has begun on a donated land. More than two hundred underprivileged girls will get opportunity to study with 100% scholarship up to the secondary level. Among others Col. (Rtd.) Dr. Mojahedul Haque, Dr. Mohammad Ayub Miah and Kishoreganj Upazila Nirbahi Officer Noor e Alam Siddiqui spoke as guests.

TRAINING ON INCOME GENERATING ACTIVITIES



CZM provided skill and business development training to 2,048 Jeebika members in the last six months with the aim of providing income-enhancing activities. 16 types of training has been provided including poultry rearing, vegetable production, beef fattening and cow rearing, goat/sheep rearing, fish farming, tailoring, nursery development, and producing compost fertilizer. By receiving training, members have been contributing for promotion of their income-generating activities.

DISTRIBUTION OF CLOTHES AMONG 500 FAMILIES



Center for Zakat Management has provided various types of support including wearing garments, food to the poor and needy families. For the past few years, the organization has been delivering dresses (Punjabi, lungi for men and sarees and blouses for women) twice a year to 500 poor families under its Insaniyat program. CZM has decided to continue providing lifelong support to around five hundred destitute and unproductive families.

SUCCESSFUL COMPLETION OF ROHINGYA PROJECT



Center for Zakat Management (CZM) started its emergency support activities on 13 September 2017 for the millions of displaced Rohingyas staying at Cox's Bazar. The speed and scale of the influx has resulted in a critical humanitarian crisis. Considering the comprehensiveness of health services, medical treatment activities have been started by setting up primary health centers in three camps. CZM supports continued till 31 December 2022.

CZM has provided services to the patients through two ambulances (including all expenses) at the Government Health Complex of Ukhia. CZM provided medical services to 309,623 Rohingyas including 3,855 pregnant and lactating mothers. Besides 1,200 patients received rehabilitation supports and 2,551 patients received ambulance services.

Apart from healthcare services, CZM distributed food items among 120,000 Rohingya families, 48,000 packets of nutritious baby food, 50,000 winter and general wearing clothes, 9,000 tents, 10,000 umbrellas, 10,000 hygiene kit packets, 215 metric tons of charcoal, installed 200 solar streets lights.



Center for Zakat Management (CZM)

📍 House- 26, Road- 07 Block- C, Niketon, Gulshan-1, Dhaka -1212

☎ +880 2 222298255, 01729 296 296

✉ info@czm-bd.org

📘 fb.com/czm.org

🌐 www.czm-bd.org